

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
গেজেট
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২৫, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৭ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ/১২ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-৫৬৬।—সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৩৪(২) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতির সিদ্ধান্তের প্রেক্ষিতে দেশের সকল মহানগরে (মেট্রো এলাকায়) চলাচলরত বেসরকারি বাসে (সিটি সার্ভিসে) শিক্ষার্থীদের চলাচলের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তে হাফ ভাড়া (কন্সেনসনকৃত ভাড়া) নির্ধারণ করল :

- বিদ্যমান ভাড়ার ৫০% কম;
- ভ্রমণকালে ছাত্র-ছাত্রীদের অবশ্যই নিজ নিজ শিক্ষা-প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ছবিযুক্ত হালনাগাদ বৈধ পরিচয়পত্র সাথে রাখতে হবে এবং প্রয়োজনে প্রদর্শন করতে হবে;
- সকাল ৭টা হতে রাত ৮টা পর্যন্ত শিক্ষার্থীগণ বেসরকারি বাসে চলাচলের ক্ষেত্রে এ হাফ ভাড়ার (কন্সেনসনকৃত ভাড়ার) সুযোগ পাবে;
- শিক্ষা প্রতিষ্ঠান ছুটির দিনে এ হাফ ভাড়া (কন্সেনসনকৃত ভাড়া) প্রযোজ্য হবে না; এবং
- দূরপাল্লার বাসে এ হাফ ভাড়া (কন্সেনসনকৃত ভাড়া) প্রযোজ্য হবে না।

০২। জনস্বার্থে এ হাফ ভাড়া (কন্সেনসনকৃত ভাড়া) ঢাকা মহানগরের ক্ষেত্রে ১ ডিসেম্বর ২০২১ থেকে এবং অন্যান্য মহানগর/মেট্রো এলাকায় ১১ ডিসেম্বর ২০২১ থেকে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জসিম উদ্দিন
সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৩০৩)

মূল্য : টাকা ৪.০০